# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৬৬]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ১০৪: ইমামের জন্যে মুসল্লীদের ঘাড় ডিঙ্গিয়ে সামনে যাওয়ার অনুমতি

باب الرخصة للإمام في تخطي رقاب الناس

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ بَكَّارٍ الْحَرَّانِيُّ، قَالَ: حَدَّثَنَا بِشْرُ بْنُ السَّرِيِّ، عَنْ عُمَرَ بْنِ سَعِيدِ بْنِ أَبِي حُسَيْنٍ النَّوْفَلِيِّ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ عُقْبَةَ بْنِ الْحَارِثِ، قَالَ: صَلَّيْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَصْرَ بِالْمَدِينَةِ، ثُمَّ انْصَرَفَ يَتَخَطَّى رِقَابَ النَّاسِ سَرِيعًا حَتَّى تَعَجَّبَ النَّاسُ لِسُرْعَتِهِ، فَتَبِعَهُ بَعْضُ أَصْحَابِهِ، فَدَخَلَ عَلَى بَعْضِ أَزْوَاجِهِ، ثُمَّ خَرَجَ، فَقَالَ: إِنِّي ذَكَرْتُ وَأَنَا فِي الْعَصْرِ شَيْئًا مِنْ تِبْرٍ كَانَ عِنْدَنَا، فَكَرِهْتُ أَنْ يَبِيتَ عِنْدَنَا فَأَمَرْتُ بِقِسْمَتِهِ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الأذان ١٥٨ (٨٥١)، العمل فى ال صلاة ١٨ (١٢٢١)، الزكاة ٢٠ (١٤٣٠)، الاستئذان ٣٦ (٦٢٧٥)، مسند احمد ٤/٧، ٨، ٣٨٤، (تحفة الأشراف: ٩٩٠٦) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1366 ـ صحيح

বাংলা

১৩৬৫. আহমাদ ইবনু বাক্কার আল হাররানী (রহ.) ..... ’উকবাহ্ ইবনু হারিস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী (সা.) -এর সঙ্গে মদীনাতে একবার ’আসরের সালাত আদায় করলাম। অতঃপর তিনি সালাম ফিরিয়ে দ্রুত মুসল্লীদের ঘাড় ডিঙ্গিয়ে চলে গেলেন। মুসল্লীরা তাঁর দ্রুততায় আশ্চর্যান্বিত হয়ে গেল, তার কিছু সাহাবী তাকে অনুসরণ করলেন। পরে তিনি তার কোন এক বিবির কাছে গিয়ে বের হয়ে আসলেন এবং বললেন, ’আসরের সালাত আদায় করা অবস্থায় আমার কাছে থাকা কিছু স্বর্ণের কথা মনে পড়ল। আমি সমীচীন মনে করলাম না যে, সেগুলো আমার কাছে রাতে থাকুক। অতএব, আমি সেগুলো বণ্টন করে দেয়ার আদেশ দিয়ে এলাম।

## English

104. Concession Allowing The Imam To Step Over The Necks Of The People

It was narrated that 'Uqbah bin Al-Harith said: I prayed 'Asr with the Prophet (ﷺ) in Al-Madinah, then he left, stepping over the necks of the people, so quickly that the people were surprised at his haste. He entered unto one of his wives, then he came out and said: 'While I was praying 'Asr, I remembered some gold that we had, and I did not want it to stay with us overnight, so I ordered that it be distributed.'

### ফুটনোট

সহীহ: বুখারী ৮৫১, ১২২১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উকবা ইবনুল হারিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87759

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন